

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/উমা/পনি-৩০৩

তারিখ : ২৮ অক্টোবর ২০২৬ খ্রি.

সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩১ অক্টোবর ২০২৬ খ্রি. সকাল ১১:০০ ঘটিকায় এইচএসসি পরীক্ষা ২০২৬-এর ফলাফল প্রকাশ অনুষ্ঠান শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। ফলাফল প্রকাশ অনুষ্ঠান উদ্বোধন করবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. আনাম হুসেইন হক মিলন, এমপি। উক্ত অনুষ্ঠান উদ্বোধনের সাথে সাথেই ফলাফল স্ব স্ব শিক্ষা বোর্ড থেকে অনলাইনে একযোগে প্রকাশিত হবে। নিম্নলিখিত যে কোন পদ্ধতিতে স্ব স্ব প্রতিষ্ঠানের Result sheet download করা যাবে এবং SMS-এর মাধ্যমে পরীক্ষার্থীরা তাদের ফলাফল জানতে পারবেন।

২. বোর্ড কর্তৃক প্রকাশিত ফলাফল সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানকে <https://eduboardresults.gov.bd> এবং <https://educationboardresults.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে সংগ্রহ করতে হবে।
৩. সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত ফলাফল ডাউনলোড করে প্রকাশ করার জন্য উক্ত ওয়েবসাইটের Result কর্ণারে ক্লিক করে বোর্ডের নাম ও প্রতিষ্ঠানের EIIN-এর মাধ্যমে ফলাফল ডাউনলোড করার পরামর্শ দেয়া হলো।
৪. পরীক্ষার্থীগণ পরীক্ষার ফলাফল স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করতে পারবেন।
৫. পরীক্ষার্থীগণ শিক্ষা বোর্ড সমূহের কমন ওয়েবসাইট <https://eduboardresults.gov.bd> ও <https://educationboardresults.gov.bd> এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে ফলাফল সংগ্রহ করতে পারবেন।
৬. এছাড়াও, পরীক্ষার্থীগণ যে কোন মোবাইল নম্বর থেকে 16140 নম্বরে SMS প্রেরণের মাধ্যমে ফলাফল সংগ্রহ করতে পারবেন। SMS-এর মাধ্যমে ফলাফল জানতে HSC<Space> বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <Space> রোল নম্বর <Space> পরীক্ষার বছর লিখে 16140 নম্বরে পাঠাতে হবে। উদাহরণ: HSC Raj 123456 2026 লিখে 16140 নম্বরে Send করতে হবে।
৭. উল্লেখ্য যে, শিক্ষা বোর্ড, শিক্ষা মন্ত্রণালয় বা পত্রিকা অফিসে কোনো ফলাফল পাওয়া যাবে না।
৮. উত্তরপত্র পুনঃনিরীক্ষণসহ পুনর্মূল্যায়নের জন্য অনলাইনের মাধ্যমে ০১/১১/২০২৬ খ্রি. থেকে ০৭/১১/২০২৬ খ্রি. পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। আবেদন প্রক্রিয়া ও সংশ্লিষ্ট নির্দেশনা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

প্রফেসর ইফফাত জেরীন 28.10.26

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

controller@rajshahieducationboard.gov.bd